দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 1 0 1999
পৃষ্ঠা ৭৯ কলাম ৫

153

# প্রধান শিক্ষিকাসহ ১১টি পদ শূন্য

মাদারীপুর সংবাদদাতা ॥ জনাভান সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার পদসহ শিক্ষকের ১১টি পদ শূন্য রহিয়াছে। এদিকে শিক্ষকের অভাবে বিদ্যালয়ের ছাত্রীদের লেখাপড়া এবং অফিসের কাজকর্ম দারুণভাবে ব্যাহত হইতেছে। জানা যায়, প্রধান শিক্ষিকা অন্যত্র বদলী হওয়ার পর দীর্ঘ ৪ মাসেও অন্য প্রধান শিক্ষিকা নিয়োগ হয় নাই। সহকারী শিক্ষিকার ১০টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য। এই বিদ্যালয়ে ৭ শতাধিক ছাত্রী লেখা-পড়া করিতেছে। অভিভাবক ও শিক্ষানুরাগী মহল জরুরী ভিত্তিতে জেলার একমাত্র সরকারী বালিকা বিদ্যালয়ে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগের আহ্বান জানান।